The Financial Express
10 APR 2026

# Trade deficit in Jul-Feb widens on falling exports

JASIM UDDIN HAROON

## FY26 JUL-FEB STATS (Billion $)

Trade deficit
**16.9 (+23.36%)**

Exports
**29.2 (-2.6%)**

Imports
**46.2 (+5.6%)**

Current account deficit
**1.0 (-28.57%/improved)**

Financial account
**4.0 surplus (+819.5%)**

Balance of payments
**3.43 surplus**

Bangladesh's trade deficit widened significantly during July-February of the current fiscal year as merchandise exports declined while imports increased.

The trade deficit stood at $16.9 billion during the period under review, up from $13.7 billion in the same period a year earlier, according to balance-of-payments (BoP) data prepared by the Bangladesh Bank.

It said the export receipts fell 2.6 per cent year-on-year to $29.2 billion, while imports rose 5.6 per cent to $46.2 billion.

Despite the wider trade gap, the current account deficit narrowed due to stronger remittance inflows during the period.

The current account deficit stood at $1.0 billion, compared with $1.4 billion in the same period a year earlier.

Workers' remittances increased by more than 21 per cent during the period.

The financial account, another key component of the balance of payments (BoP), recorded a surplus of $4.0 billion, sharply higher than $435 million during the same period of the previous fiscal year.

As a result, the overall balance of payments registered a surplus of $3.43 billion, reversing a deficit of $867 million recorded during July-February of the previous fiscal year.

Economists say the trade deficit widened primarily because of falling exports and rising imports.

However, stronger remittance inflows helped narrow the current account deficit, they add.

They also add that the overall BoP surplus helped support the country's foreign exchange reserves.

"Trade deficit has worsened significantly because of a decrease in merchandise exports and an increase in merchandise imports," said Dr Zahid Hussain, an independent economist.

The impact of the higher trade deficit on the current account balance was partly offset by strong remittance growth, he said.

"The financial account surplus increased significantly due to a large rise in trade credit owing to the lag between import shipment and payment," Dr Hussain went on.

"The foreign currency assets of the banking system declined, while their foreign currency liabilities increased. This also contributed to the rise in the financial account surplus," he said.

Looking ahead, the trade deficit may widen further due to the impact of the war in the Middle East, the economist warned.

Remittances may cushion the impact on the current account balance in the short term, but this cannot be guaranteed in the medium term.

Dr Hussain said a flexible exchange rate and a tight monetary policy stance were the key measures the Bangladesh Bank could adopt to mitigate risks to external stability under such circumstances.

"Fiscal austerity needs to be strengthened to reduce pressure on demand for foreign exchange arising from higher import prices," he added.

jasimharoon@yahoo.com

The Financial Express
10 APR 2026

# Court issues warrants in export proceeds fraud

JASIM UDDIN

A Dhaka court has issued arrest warrants against five individuals, including senior executives of logistics firms and foreign buyers, over allegations of embezzling export proceeds totalling US$331,096 from Bangladesh's garment sector. The case highlights growing concerns over financial irregularities in international trade transactions.

Industry leaders warn that such incidents not only deprive exporters of legitimate earnings but also pose risks to the country's foreign exchange inflows, prompting calls for tighter regulatory oversight.

Senior Judicial Magistrate Md Tajul Islam Sohag of the Chief Metropolitan Magistrate (CMM) Court, Dhaka, passed the order on Wednesday after Alim Knit (BD) Ltd, a subsidiary of Mondol Knitwear Ltd, filed a criminal case.

The warrants were issued against Ahmed Musaddeq Sharif, Chief Executive Officer of On Time Worldwide Logistics Ltd; Dhanesh Kallapatha, Managing Director of Dart Global Logistics (Pvt) Ltd; and Jon Smith, Managing Director of German buyer Fashion Center GmbH.

Other accused include Oliver Sarrazin, Country Manager (Germany), and Stephan Gunner, Managing Director of Global Apparel GmbH.

According to the case documents, Alim Knit (BD) Ltd exported garments to Fashion Center GmbH through the accused freight forwarders.

The complainant alleged that the forwarders, in collusion with the buyer, released the goods in Germany without the required No Objection Certificate (NOC) from the exporter, thereby bypassing the payment process.

Despite multiple legal notices and a mediation attempt by the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA) on September 25, 2025, the accused failed to repatriate the outstanding amount of $331,096.

BKMEA had earlier directed the shipping agei to ensure immediate payment, but the instruction went unheeded.

The court found prima facie grounds for char under Sections 406, 408, 420, 506 and 34 of Penal Code, which cover criminal breach of tr cheating and criminal intimidation.

The next hearing for execution of the warrant scheduled for April 26, 2026.

Speaking to The Financial Express, BKMEA President Mohammad Hatem said that upon receiving the complaint, it was alleged that th forwarders, in collusion with the buyer, releas the goods in Germany without the required N from the exporter, effectively bypassing the payment process. BKMEA notified all parties; however, none responded or attended the hearing at the association.

newsmanjasi@gmail.

ঢাকা।

The Business Standard

10 APR 2026

# Cenbank extends export facilitation fund tenure to 2030

BANKING – BANGLADESH

BSS

In a move aimed at boosting the country's export earnings and ensuring a steady inflow of foreign currency, the Bangladesh Bank has extended the tenure of the Export Facilitation Pre-finance Fund (EFPF) until 31 December 2030.

To this end, the central bank yesterday issued a circular outlining the extension of the fund, which had been set to expire soon.

The decision comes in response to ongoing global economic volatility and the specific needs of ready-made garment (RMG) and other export-oriented sectors to sustain growth and production.

Under the new circular, the Tk10,000 crore EFPF fund, created from Bangladesh Bank's own resources, will operate as a revolving fund until the end of 2030.

Loans will be distributed to borrowers through participating commercial banks on a "first-come, first-served" basis. To promote fair distribution, a single company or industrial group is limited to a maximum of Tk200 crore from the fund at any one time.

For a scheduled bank to offer these loans, it must first sign a participation agreement with the central bank's Banking Regulation and Policy Department-1. To ensure transparency and effective fund management, Bangladesh Bank has mandated strict reporting schedules.

The circular states that participating banks are required to submit quarterly reports detailing the distribution and recovery of funds within 15 days of the end of each quarter, namely in April, July, October, and January.

10 APR 2026

The Business Standard

# Trade gap widens to $3b amid surging imports, declining exports

TRADE – BANGLADESH

ASM SAAD

The country's trade deficit has widened by more than $3 billion over the past year, driven largely by rising imports and weaker export earnings, according to the latest balance of payments data released by Bangladesh Bank.

The central bank published the figures yesterday, showing that the country's trade deficit increased by $3.20 billion year-on-year during the July-February period of the current fiscal year.

Data show the trade gap stood at $16.91 billion in FY26 July-February, compared with $13.71 billion in the same period of the previous fiscal year.

According to economists, the widening deficit reflects higher imports alongside a slowdown in export growth.

During the first eight months of the 2025-26 fiscal year, Bangladesh's export earnings declined by 2.60% on a year-on-year basis. The contraction was mainly due to weak export performance in the ready-made garment sector and a sharp slowdown in February, economists said.

Zahid Hussain, former lead economist at the World Bank's Dhaka office, said, "Imports have increased compared to earlier levels, but exports are not performing as expected. As a result, the gap between the two has widened, increasing the trade deficit by more than $3 billion."

According to central bank data, during FY26 July-February, export earnings fell to $29.26 billion, from $30.03 billion in the same period a year earlier.

Meanwhile, imports during the first eight months of the fiscal year rose to $46.17 billion, up from $43.74 billion a year earlier – an increase of 5.60%.

Zahid further said, "Imports of food items and fertiliser have increased compared to earlier. It is also possible that these were imported in advance, even before the Iran war. As a result, the shortages that are being feared in the coming period may not materialise."


**Current account deficit narrows to $1b**

Despite the widening trade deficit, the country's current account balance has improved slightly.

According to Bangladesh Bank data, the current account balance stood at a deficit of $1 billion in the current fiscal year, compared to $1.47 billion in the same period of the previous fiscal year.

In August of the current fiscal year, the current account balance was positive at $483 million. In general,

SEE PAGE 4 COL 2




বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Business Standard
10 APR 2026

CONTINUED FROM PAGE 3

a lower trade deficit improves the current account balance. The smaller the trade gap and the stronger the remittance inflows, the better the current account position becomes.

Although the trade deficit widened during the July-February period, strong remittance inflows helped limit the current account deficit to $1 billion. In the same period last year, the deficit stood at $1.42 billion.

Zahid said the strong flow of remittances had played a crucial role in containing the deficit.

"The most notable point is that even though the trade deficit has exceeded $17 billion and increased by more than $3 billion over the year, the current account deficit is only about $1 billion," he said.

"The main reason is the higher remittance inflow. Without that, the current account deficit could have been much larger."

Remittance inflows reached $22.45 billion during FY26 July-February, compared with $18.49 billion in the same period of the previous fiscal year.

The current account is a key component of a country's balance of payments, covering net trade in goods and services, income from abroad, and current transfers such as remittances.

### Financial account improves sharply

The financial account also improved significantly during the period.

According to Bangladesh Bank data, the financial account stood at $4.08 billion in FY26 July-February, compared with $435 million in the same period of the previous fiscal year.

Experts say the improvement was largely driven by trade credit.

Trade credit stood at $2.56 billion during FY26 July-February, compared with negative $1.12 billion in the same period last year.

A positive trade credit balance indicates that outstanding payments from previous exports have entered the country, while a negative balance means export earnings remain unpaid.

Md Ezazul Islam, director general of the Bangladesh Institute of Bank Management (BIBM), said the financial account had strengthened during the current fiscal year. "A positive financial account means this amount of money has entered the country. However, after a certain period, these funds will have to be repaid," he said.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল
10 APR 2026

# বাণিজ্য ঘাটতি বেড়ে ১৭ বিলিয়ন ডলার




**বিশেষ প্রতিনিধি**

দেশের আমদানি ব্যয় দ্রুত বাড়ছে। একই সময়ে কমে যাচ্ছে রপ্তানি আয়। এতে গত ফেব্রুয়ারি মাস শেষে বাণিজ্য ঘাটতি বেড়ে প্রায় ১৭ বিলিয়ন ডলার হয়েছে। আগের মাস জানুয়ারি শেষে যেখানে ঘাটতি ছিল ১৪ বিলিয়ন ডলারের নিচে। বিপুল অঙ্কের এই বাণিজ্য ঘাটতির প্রভাবে চলতি হিসাবে ঘাটতি বেড়েছে। রেমিট্যান্সে উচ্চ প্রবৃদ্ধির পরও চলতি হিসাবে ঘাটতি ঠেকেছে ১০০ কোটি ডলারে। বাংলাদেশ ব্যাংকের ফেব্রুয়ারিভিত্তিক প্রতিবেদনে এমন চিত্র উঠে এসেছে।

বৈদেশিক লেনদেন ভারসাম্যের প্রতিবেদন অনুযায়ী, চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম আট মাসে আমদানি ব্যয় হয়েছে চার হাজার ৬১৭ কোটি ডলার। আগের অর্থবছরের একই সময়ে যা ছিল ৪ হাজার ৩৭৪ কোটি ডলার। আমদানি বেড়েছে ৫ দশমিক ৬০ শতাংশ। একই সময়ে রপ্তানি ২ দশমিক ৬০ শতাংশ কমে ২ হাজার ৯২৬ কোটি ডলারে নেমেছে। আগের অর্থবছরের একই সময়ে রপ্তানি হয় তিন হাজার ৪ কোটি ডলার। এতে ফেব্রুয়ারি পর্যন্ত বাণিজ্য ঘাটতি বেড়ে এক হাজার ৬৯১ কোটি ডলার হয়েছে। আগের অর্থবছরের একই সময়ে ঘাটতি ছিল এক হাজার ৩৭১ কোটি ডলার। এক বছরের ব্যবধানে বাণিজ্য ঘাটতি বেড়েছে ৩২১ কোটি ডলার। আগের মাস জানুয়ারি পর্যন্ত ঘাটতি ছিল এক হাজার ৩৭৮ কোটি ডলার। আগের মাসের তুলনায় বেড়েছে ৩১৩ কোটি ডলার।

এ সময়ে রেমিট্যান্সে উচ্চপ্রবাহ না থাকলে চলতে হিসাবের পরিস্থিতি খুব খারাপ হতে পারত। গত ফেব্রুয়ারি পর্যন্ত প্রবাসীরা ২ হাজার ২৪৫ কোটি ডলার সমপরিমাণ অর্থ দেশে পাঠিয়েছেন। আগের অর্থবছরের একই সময়ে এসেছিল এক হাজার ৮৪৯ কোটি ডলার। এর মানে এ সময়ে রেমিট্যান্স বেড়েছে ৩৯৬ কোটি ডলার বা ২১ দশমিক ৪৪ শতাংশ। সব মিলিয়ে চলতি হিসাবে ঘাটতি দাঁড়িয়েছে ১০০ কোটি ডলার। আগের মাস জানুয়ারি পর্যন্ত যেখানে ঘাটতি ছিল মাত্র ৩২ কোটি ডলারের কম। অবশ্য আগের বছরের একই সময়ে চলতি হিসাবে ঘাটতি ছিল ১৪৭ কোটি ডলার।

আর্থিক হিসাবে ২২ কোটি ৫০ লাখ ডলারের উদ্বৃত্ত হয়েছে। আগের বছরের একই সময়ে উদ্বৃত্ত ছিল ২৩ কোটি ৫০ লাখ ডলার। আগের মাস জানুয়ারি পর্যন্ত উদ্বৃত্ত ছিল ২০ কোটি ৫০ লাখ ডলার। এ সময়ে সরাসরি বিদেশি বিনিয়োগ কমে ৮৭ কোটি ডলার এসেছে। আগের অর্থবছরের একই সময়ে যা ছিল ১০৬ কোটি ডলারের বেশি। বিদেশি অনুদান আগের বছরের ২১১ কোটি ডলার থেকে কমে এবার ৭১ কোটি ডলারে নেমেছে। আবার মধ্য ও দীর্ঘমেয়াদি বিদেশি ঋণ প্রায় ২৮ শতাংশ কমে ২৭৯ কোটি ডলারে নেমেছে। অবশ্য বিভিন্ন এলসির বিপরীতে ট্রেড ক্রেডিট বেড়েছে। প্রথম ৮ মাসে ট্রেড ক্রেডিট নিয়েছে ২৫৬ কোটি ডলার। আগের অর্থবছরের একই সময়ে যেখানে ১১৩ কোটি ডলার। সব মিলিয়ে আর্থিক হিসাবে উদ্বৃত্ত ঠেকেছে ৩৪৩ কোটি ডলার। আগের অর্থবছরের একই সময়ে যেখানে ঘাটতি ছিল ১১৬ কোটি ডলার। এর প্রভাবে বৈদেশিক মুদ্রার রিজার্ভ একটা স্বস্তিদায়ক অবস্থানে আছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে গতকাল ৩৪ দশমিক ৬৫ বিলিয়ন ডলার হয়েছে। আর বিপিএম-৬ অনুযায়ী রিজার্ভ দাঁড়িয়েছে ২ হাজার ৯৯৫ কোটি ডলার। আওয়ামী লীগ সরকার পতনের সময় গ্রস ২৫ দশমিক ৯২ এবং বিপিএম৬ অনুযায়ী ২০ দশমিক ৪৮ বিলিয়নে নেমেছিল। দেশের ইতিহাসে রিজার্ভ সর্বোচ্চ ৪৮ বিলিয়ন ডলারের ঘর অতিক্রম করে ২০২১ সালের আগস্টে।

সংশ্লিষ্টরা বলছেন, আওয়ামী লীগ সরকার পতনের পর থেকে ঋণের নামে ব্যাংক থেকে অর্থ নিয়ে বিদেশে পাচার কিংবা অনিয়ম-দুর্নীতির টাকা বিদেশে নেওয়ার সুযোগ কমে এসেছে। কেন্দ্রীয় ব্যাংক বড় এলসির আড়ালে পাচার হচ্ছে কিনা তদারকি অব্যাহত রেখেছে। এসব কারণে হুন্ডিপ্রবণতা কমে এসেছে। এর আগে কেন্দ্রীয় ব্যাংক বাজার থেকে প্রচুর ডলার কিনছিল। তবে বৈশ্বিক পরিস্থিতির কারণে গত এক মাস ধরে আর কিনছে না।


বাংলাদেশ ব্যাংক সম্প্রতি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, দেশের বৈদেশিক মুদ্রা বাজার স্থিতিশীল রয়েছে। ব্যাংক খাতে এক মাসে ১ দশমিক ৬০ বিলিয়ন ডলার বৈদেশিক মুদ্রা তারল্য বেড়ে এখন ৩ দশমিক ৯০ বিলিয়ন ডলার হয়েছে। নগদ ডলারের স্থিতি ৪ কোটি ৭৬ লাখ ডলার থেকে বেড়ে দাঁড়িয়েছে ৪ কোটি ৯০ লাখ ডলার। সাধারণভাবে ব্যাংকগুলোর নিট ওপেন পজিশন (এনওপি) ৬০ থেকে ৭০ কোটি ডলার ডলার ছাড়ালে বাংলাদেশ ব্যাংক বাজার থেকে ডলার কেনে। বর্তমানে ব্যাংকগুলোর এনওপি ১০০ কোটি ডলার পেরোনোর পরও গত এক মাসে বাংলাদেশ ব্যাংক বাজার থেকে কোনো ডলার কেনেনি। টাকার অবমূল্যায়নের ওপর কোনো চাপ নেই।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা
রপ্তানি উন্নয়ন ব্যুরো

বণিক বার্তা
10 APR 2026

জ্বালানি সংকটের প্রভাব

# তৈরি পোশাক খাতে উৎপাদন সক্ষমতা হ্রাস পেয়েছে ২০-৩০%



জ্বালানি সংকটের কারণে দেশের পোশাক কারখানাগুলোর উৎপাদন সক্ষমতা ২০-৩০ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে। বৈশ্বিক সরবরাহ চেইনের এ অনিশ্চয়তা দীর্ঘায়িত হলে খাতটির টিকে থাকা এবং সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতা চরম ঝুঁকির মুখে পড়তে পারে বলে আশঙ্কা খাতসংশ্লিষ্টদের

শিল্প-কারখানা চালাতে গ্যাসের সরবরাহ নিরবচ্ছিন্ন না থাকায় জেনারেটরে বিকল্প হিসেবে ব্যবহার করতে হচ্ছে বিপুল পরিমাণ জ্বালানি তেল। পোশাক কারখানাগুলোয় বর্তমানে প্রতিদিন গড়ে ১০ ঘণ্টা কর্মসময়ের মধ্যে অন্তত ২ ঘণ্টা লোডশেডিং হচ্ছে। ফলে উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে নিয়মিত

অতীতে বাংলাদেশের তৈরি পোশাক খাত এমন পরিস্থিতির মুখোমুখি হয়নি। ট্রাম্প প্রশাসনের শুল্ক আরোপের পর আন্তর্জাতিক বাজারে মূল্যস্ফীতি কমার সম্ভাবনা দেখা দিলেও মধ্যপ্রাচ্য যুদ্ধ সব হিসাব পাল্টে দিয়েছে

—মোহাম্মদ হাতেম
সভাপতি, বিকেএমইএ

নিজস্ব প্রতিবেদক

মধ্যপ্রাচ্যের ক্রমবর্ধমান ভূরাজনৈতিক অস্থিরতা এবং অভ্যন্তরীণ বাজারে ডলারের চাপ থাকায় নাজুক পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে জ্বালানি খাত। এর সরাসরি প্রভাব পড়েছে দেশের প্রধান রফতানি খাত তৈরি পোশাক শিল্পে। খাতসংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, জ্বালানি সংকটের কারণে পোশাক কারখানাগুলোর উৎপাদন সক্ষমতা ২০ থেকে ৩০ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে। বৈশ্বিক সরবরাহ চেইনের এ অনিশ্চয়তা দীর্ঘায়িত হলে খাতটির টিকে থাকা এবং সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতা চরম ঝুঁকির মুখে পড়তে পারে।

পোশাক কারখানা মালিকরা জানিয়েছেন, বর্তমানে কারখানাগুলোয় প্রতিদিন গড়ে ১০ ঘণ্টা কর্মসময়ের মধ্যে অন্তত ২ ঘণ্টা লোডশেডিং হচ্ছে। ফলে উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে নিয়মিত।

পোশাক কারখানাগুলোয় জ্বালানির ব্যবহার হয় মূলত দুটি কারণে। প্রথমত, লোডশেডিংয়ের কারণে বিকল্প হিসেবে জেনারেটর চালাতে হয়, যার জন্য প্রয়োজন হয় ডিজেল। দ্বিতীয়ত, গ্যাসের চাপ স্বাভাবিক না থাকলে ক্যাপটিভ পাওয়ার ব্যবস্থায় জেনারেটর চালু করতে হয়, সেখানেও ডিজেলের ওপর নির্ভরশীলতা বাড়ছে।

দেশের তৈরি পোশাক শিল্পের উৎপাদন স্বাভাবিক রাখতে অনেক কারখানায়ই ক্যাপটিভ জেনারেটর চালানো হয়। এজন্য কারখানাগুলোয় বিপুল পরিমাণ ডিজেল, ফার্নেস অয়েল ও এলপিজি ব্যবহৃত হয়। শিল্প-কারখানা চালাতে গ্যাসের সরবরাহ নিরবচ্ছিন্ন না থাকায় জেনারেটরে বিকল্প হিসেবে বিপুল পরিমাণ জ্বালানি তেল ব্যবহার করতে হচ্ছে। বর্তমানে সরবরাহ সংকট থাকায় কারখানাগুলো জ্বালানি তেলের পর্যাপ্ত সংস্থান করতে পারছে না। এতে উৎপাদন ব্যাহত হচ্ছে।

জানতে চাইলে বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান বণিক বার্তাকে বলেন, 'এলাকাভেদে কারখানার উৎপাদন ব্যাহত হওয়ার চিত্রে ভিন্নতা আছে। প্রতিদিন মোট কর্মঘণ্টার ২ থেকে ৩ ঘণ্টা ব্যাহত হচ্ছে। মোটাদাগে উৎপাদন সক্ষমতা হ্রাস পেয়েছে ২৫ থেকে ৩০ শতাংশের মতো।'

পোশাক শিল্পে উৎপাদন সক্ষমতা কমে যাওয়ার

এরপর » পৃষ্ঠা ৯ কলাম ৫

বাণিজ্য তথ্য কেন্দ্র

বণিক বার্তা

10 APR 2026

১ম পৃষ্ঠার পর

বিষয়টি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক গোলটেবিল আলোচনায়ও উঠে এসেছে। 'বৈশ্বিক জ্বালানি সংকট : বাংলাদেশে এর প্রভাব এবং মোকাবেলায় কর্মপন্থা নির্ধারণ' শীর্ষক ওই গোলটেবিলে সংগঠনটির সভাপতি তাসকিন আহমেদ বলেন, 'জ্বালানি সংকটের কারণে তৈরি পোশাক খাতে উৎপাদন সক্ষমতা প্রায় ৫০ শতাংশ হ্রাস পেয়েছে। এছাড়া প্রতি ব্যাগ সিমেন্ট উৎপাদন ব্যয় ২৫-৩০ টাকা বৃদ্ধি পেয়েছে এবং প্রতি কনটেইনারে অতিরিক্ত ৫০০ থেকে ৪ হাজার ডলার পর্যন্ত বাড়তি খরচ গুনতে হচ্ছে।'

ডিসিসিআইয়ের আলোচনায় জানানো হয়, বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম প্রতি ১০ ডলার বাড়লে বাংলাদেশের বছরে বাড়তি খরচ হয় ১ বিলিয়ন ডলার। যদি তেলের দাম ১২০ ডলারের ওপরে ওঠে, তবে জ্বালানি খাতে ব্যয় বাড়বে বছরে ৪-৫ বিলিয়ন ডলার। ফলে সরকারের লোকসান বাড়ার পাশাপাশি শিল্প উৎপাদন ও ব্যবসা পরিচালন ব্যয়ও বহু গুণ বৃদ্ধি পাবে।

জানা গেছে, তৈরি পোশাক খাতের দুই সংগঠন বিজিএমইএ ও বিকেএমইএ (বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন) মিলিয়ে মোট সক্রিয় কারখানা সংখ্যা কম-বেশি তিন হাজারের মতো। ২০২৪-২৫ অর্থবছরে এসব কারখানা থেকে বিশ্ববাজারে ৩৯ বিলিয়ন ডলারেরও বেশি পোশাক রফতানি হয়। তবে চলতি ২০২৫-২৬ অর্থবছরে প্রধান বাজারগুলোর চাহিদা হ্রাসে পোশাক রফতানি নেতিবাচক ধারায় রয়েছে। বৈশ্বিক প্রেক্ষাপটের পাশাপাশি বিদ্যমান জ্বালানি সংকট অব্যাহত থাকলে ভবিষ্যতে রফতানি আরো কমে যেতে পারে বলে আশঙ্কা রয়েছে।

চলতি অর্থবছরের প্রথম নয় মাসে (জুলাই-মার্চ) বিশ্ববাজারে বাংলাদেশের পণ্য রফতানি কমেছে ৪ দশমিক ৮৫ শতাংশ। রফতানি আয়ের টানা নেতিবাচক প্রবণতায় সবচেয়ে বেশি চাপে পড়েছে দেশের প্রধান রফতানি খাত তৈরি পোশাক শিল্প। বছরের ব্যবধানে রফতানি প্রবৃদ্ধি ধারাবাহিকভাবে কমতে থাকায় বড় ধরনের উদ্বেগের মুখে পড়েছে বস্ত্র ও পোশাক খাতে বিপুল পরিমাণ অর্থায়ন করা ব্যাংকগুলোও। উদ্যোক্তারা বলছেন, বৈশ্বিক ভূরাজনীতি ও অভ্যন্তরীণ জ্বালানি সংকটে উৎপাদন ব্যাহত হওয়ায় পোশাক শিল্পের ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ বাড়ছে।

খাতসংশ্লিষ্টরা বলছেন, রফতানির এ নাজুক পরিস্থিতির মূলে রয়েছে একের পর এক বৈশ্বিক ধাক্কা। ট্রাম্প প্রশাসনের পাল্টা শুল্ক আরোপের প্রভাবে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে আমদানি ব্যয় বেড়ে যাওয়ায় ক্রয়াদেশ কমতে শুরু করে। এরপর মধ্যপ্রাচ্যে নতুন করে যুদ্ধ শুরু হওয়ায় পরিস্থিতি আরো জটিল হয়ে পড়েছে। বিশেষ করে হরমুজ প্রণালিকেন্দ্রিক অস্থিরতায় বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং সরবরাহ সংকট বাংলাদেশের পোশাক কারখানায় উৎপাদন খরচ বাড়িয়ে দিয়েছে।

এ প্রসঙ্গে বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেম বণিক বার্তাকে বলেন, 'বর্তমানে পোশাক কারখানাগুলোয় প্রতিদিন গড়ে ২ থেকে ৩ ঘণ্টা লোডশেডিং হচ্ছে। এর ফলে খাতটিতে ২০ থেকে ২৫ শতাংশ উৎপাদন সক্ষমতা হ্রাস পেয়েছে। কয়েক মাস ধরেই রফতানিতে নেতিবাচক ধারা চলছে। এর পেছনে যদিও জ্বালানি সংকট সরাসরি প্রধান কারণ নয়, তবে ভবিষ্যতে এটি বড় ধরনের প্রভাব ফেলতে পারে।'

অতীতে বাংলাদেশের তৈরি পোশাক খাত এমন পরিস্থিতির মুখোমুখি হয়নি উল্লেখ করে মোহাম্মদ হাতেম বলেন, 'ট্রাম্প প্রশাসনের শুল্ক আরোপের পর আন্তর্জাতিক বাজারে মূল্যস্ফীতি কমার সম্ভাবনা দেখা দিলেও মধ্যপ্রাচ্য যুদ্ধ সব হিসাব পাল্টে দিয়েছে। এখন হরমুজ প্রণালি বন্ধ হওয়ার উপক্রম হওয়ায় দেশে ডিজেলের তীব্র সংকট দেখা দিয়েছে, যা উৎপাদন ব্যাহত করছে।'

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, প্রধান বাজারগুলোর মধ্যে শীর্ষ অবস্থানে থাকা যুক্তরাষ্ট্রে রফতানি কমেছে ১ দশমিক ১০ শতাংশ। এছাড়া জার্মানিতে ১৩ দশমিক ৫৪ শতাংশ এবং যুক্তরাজ্যে ১ দশমিক ৩৯ শতাংশ রফতানি কমেছে।

দেশের শিল্প খাত প্রধানত গ্যাস ও বিদ্যুতের ওপর নির্ভরশীল। বর্তমানে বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৬৬ শতাংশ গ্যাসভিত্তিক। মধ্যপ্রাচ্য থেকে এলএনজি আমদানি ব্যাহত হওয়ায় শিল্পাঞ্চলগুলোয় গ্যাসের চাপ আশঙ্কাজনকভাবে কমে গেছে। পেট্রোবাংলার তথ্য অনুযায়ী, দেশের জাতীয় গ্রিডে দৈনিক ২৬৫ কোটি ঘনফুট গ্যাসের সরবরাহ হচ্ছে, যার মধ্যে ৯১ কোটি ঘনফুট যাচ্ছে বিদ্যুৎ উৎপাদনে। সার উৎপাদনে বর্তমানে গ্যাসের সরবরাহ নেই বললেই চলে, কারখানাগুলোয় দৈনিক ৩২ কোটি ঘনফুট চাহিদার বিপরীতে মাত্র সাত কোটি ঘনফুট গ্যাস দেয়া হচ্ছে। আবাসিক, সিএনজি ও চা শিল্পসহ অন্যান্য খাতে সরবরাহ হচ্ছে ১৫৩ কোটি ঘনফুট গ্যাস।

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে দেশের জ্বালানি খাতের মজুদ অব্যাহতভাবে চাপে রয়েছে। বিশেষ করে কাতার থেকে এলএনজি আমদানি বন্ধ হয়ে যাওয়ায় স্পট মার্কেট থেকে দ্বিগুণেরও বেশি দামে জ্বালানিপণ্যটি আমদানি করছে পেট্রোবাংলা। অপরিশোধিত জ্বালানি তেলের নিয়মিত সরবরাহ নিশ্চিতে প্রতিকূলতা থাকায় বিপুল অর্থ ব্যয়ে তা আমদানি করতে হচ্ছে সরকারকে। এখন পর্যন্ত সরবরাহ সংকট বড় আকারে দেখা না দিলেও ফিলিং স্টেশনগুলোয় দীর্ঘ ভিড় লক্ষ করা যাচ্ছে। তবে এ পরিস্থিতির দ্রুত সমাধান না হলে রফতানি খাতের পাশাপাশি দেশের অর্থনীতি আরো চাপের মুখে পড়তে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

বাণিজ্য তথ্য কেন্দ্র
………
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো